গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
**উপবৃত্তি শাখা**
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২৫-৩৭৬

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং স্নাতক (পাস ও অনার্স) ও সমমান পর্যায়ের ভর্তি সহায়তায় নির্বাচিত শিক্ষার্থীদের মধ্যে বাউন্সডকৃত শিক্ষার্থীর অনুকূলে পুনরায় ভর্তি সহায়তার অর্থ ছাড়করণের জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীর অনলাইন আবেদনে প্রদত্ত 'নগদ' মোবাইল একাউন্ট সংশোধন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালে মাধ্যমিক ও সমমান পর্যায়ে (৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি), ২০২৪-২৫ শিক্ষাবর্ষের উচ্চ-মাধ্যমিক একাদশ ও সমমান শ্রেণি এবং ২০২৩-২৪ শিক্ষাবর্ষের স্নাতক (পাস ও অনার্স) ও সমমান পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার জন্য নির্বাচিত শিক্ষার্থীদের 'নগদ' একাউন্টের বিপরীতে ভর্তি সহায়তার অর্থ ছাড় করা হয়েছে।

২। নির্বাচিত শিক্ষার্থীদের অনুকূলে ভর্তি সহায়তার অর্থ প্রেরণের ক্ষেত্রে কিছু শিক্ষার্থীর একাউন্ট নম্বর সচল না থাকাসহ অন্যান্য কারণে ভর্তি সহায়তার অর্থ Bounce Back হয়েছে। তাদের অনুকূলে পুনরায় অর্থ প্রেরণের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে একাউন্ট নম্বর সংশোধন বা হালনাগাদ করার তথ্যাদি (প্রমাণকসহ) **আগামী ২১ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ap@pmeat.gov.bd ই-মেইলে** প্রেরণ করা আবশ্যক।

৩। বর্ণিত অবস্থায়, সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের কে বিষয়টি অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:**
১. বাউন্সডকৃত এক্সেল সিট।

০৪/৮/২০২৫

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)
(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে জরুরি ভিত্তিতে অবহিত করার অনুরোধসহ)

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (উপবৃত্তি)
ফোন: ০২-৫৫০০০৪২৮
ই-মেইল: ad.stipend@pmeat.gov.bd

**অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**
১. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
২. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক -এঁর সদয় অবগতির জন্য)।
৪. ব্যক্তিগত সহকারী, পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পরিচালক -এঁর সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি।